# ইরাক-ইরান সম্পর্ক এখন সবচেয়ে শক্তিশালী: আরাঘচি



ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি। ছবি: সংগৃহীত

ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি বলেছেন, প্রতিবেশী ইরাকের সঙ্গে তেহরানের দ্বিপাক্ষিক সম্পর্ক বর্তমানে ইতিহাসের সবচেয়ে শক্তিশালী ও ইতিবাচক পর্যায়ে রয়েছে।

সোমবার (৩ আগস্ট) কাতারভিত্তিক সংবাদমাধ্যম আল-জাজিরার এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়।

আরাঘচির ভাষ্য অনুযায়ী, ইরাক সরকারের সঙ্গে ইরানের বিদ্যমান সম্পর্ক অতীতের যেকোনো সময়ের তুলনায় আরও দৃঢ় ভিত্তির ওপর দাঁড়িয়ে আছে। তিনি বলেন, সাম্প্রতিক সময়ে ইরাকি প্রধানমন্ত্রীর তেহরান সফর দুই দেশের সম্পর্ককে আরও এগিয়ে নিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে।

তিনি জানান, ওই সফরে পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে গঠনমূলক ও ফলপ্রসূ আলোচনা হয়েছে, যা ভবিষ্যৎ সহযোগিতার ক্ষেত্র আরও বিস্তৃত করবে।

ইরানের পররাষ্ট্রমন্ত্রী আরও বলেন, দুই দেশের সহযোগিতা শুধু কূটনৈতিক পর্যায়েই সীমাবদ্ধ নয়। আঞ্চলিক বিভিন্ন ইস্যুতে সমন্বিত অবস্থান, অর্থনৈতিক সহযোগিতা জোরদার এবং সীমান্ত নিরাপত্তা নিশ্চিত করতেও ইরান ও ইরাক ঘনিষ্ঠভাবে কাজ করে যাচ্ছে।

LENS ASIA